গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-ধবিম/হঃশাঃ/১-২/২০০৯/১৬৪ তারিখ ঃ ২৫ মার্চ ২০০৯ খ্রিঃ

# প্রেস বিজ্ঞপ্তি

আগামী ২৭ নভেম্বর ২০০৯ তারিখে চাঁদ দেখা সাপেক্ষে ১৪৩০ হিজরী সনের হজ্জ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জ সম্পাদন করা যাবে। এ বছর মোট ৬৫,০০০ (পঁয়ষট্টি হাজার) হজ্জযাত্রী প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১৫,০০০ ও বেসরকারি ব্যবস্থাপনায় ৫০,০০০ জন।

## ২। সরকারি ব্যবস্থাপনা ঃ

(১) সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি মোট খরচ ২,২০,৫৫০/- (দুই লক্ষ বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক | মক্কা হারাম শরীফ হতে ১৩০০ মিটার দূরত্বে আবাসনের ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | (ক) বিমান ভাড়া নীট (মার্কিন ডলার ১৩০০); | ৯০,৩৫০/- |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স (সৌদি রিয়াল ৫০); | ৯২৫/- |
| | (গ) এম্বারকেশন ফি; | ৩০০/- |
| | (ঘ) ইন্সিওরেন্স সারচার্জ (মার্কিন ডলার ১০); | ৬৯৫/- |
| | মোট= | ৯২,২৭০/- |
| ২. | স্থানীয় সার্ভিস চার্জ (আইডি কার্ড, কন্ডিবেল্ট, কীটব্যাগ, হজ্জ ও ওমরা সংক্রান্ত পুস্তিকা, আইটি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান); | ৩০০/- |
| ৩. | আপৎকালীন ফান্ড; | ৫০/- |
| ৪. | মীনা-আরাফাতের তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফাতে পরিবহন ফি ও সার্ভিস চার্জ ইত্যাদি (সৌদি রিয়াল ১০৮৯); | ২০,১৪৭/- |
| ৫. | মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ (সৌদি রিয়াল ৫০০); | ৯,২৫০/- |
| ৬. | মক্কা ও মদিনায় বাড়ীভাড়া ঃ মক্কায় হজ্জযাত্রীপ্রতি ৪.০ বর্গমিটার ও মদিনায় হজ্জযাত্রীপ্রতি ৪.৫ বর্গমিটার বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থান ও হাজীপ্রতি ৫০ সৌদি রিয়াল ব্যাংক গ্যারান্টিসহ); | ৬৮,৪৫০/- |
| ৭. | হজ্জযাত্রীদের ব্যক্তিগত খরচ :<br>(ক) কুরবানী খরচ ৮,০০০ টাকা;<br>(খ) খাওয়া খরচ ঃ<br>(১) মদিনায় ৯ দিন অবস্থানের জন্য ৩,৫০০ টাকা<br>(২) মিনায় ৫ দিন অবস্থানের জন্য ৩,৫০০ এবং<br>(৩) মক্কা ও অন্যান্য স্থানে অবস্থানের জন্য ১০,০০০ টাকা ধরা হয়েছে; | ২৫,০০০/- |
| ৮. | হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ । | ৫,০৮৩/- |
| | (নোট ঃ প্রতি ডলার ৬৯.৫০ টাকা এবং প্রতি সৌদি রিয়াল ১৮.৫০ টাকা হারে ধরা হয়েছে।) সর্বমোট = | ২,২০,৫৫০/- |

(২) একজন হজ্জযাত্রীর প্রাপ্য সেবাসমূহ ঃ (ক) সৌদি ভিসা (খ) বিমানের সাধারণ শ্রেণীতে সৌদি আরবে আসা-যাওয়ার সুযোগ, (গ) মক্কায় ক্বাবা শারীফ থেকে সর্বোচ্চ ১৩০০ মিটার এবং মদিনায় মসজিদে নববী হতে সর্বোচ্চ ৮০০ মিটারের মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে আবাসন সুবিধা, (ঘ) মক্কায় ৪.০০ বর্গ মিটার ও মদিনায় ৪.৫ বর্গ মিটার জায়গায় (বাস্তবে কমবেশী হতে পারে) ১টি খাট, ১টি বেড, ১টি বালিশ ও ১টি কম্বল (বিছানাপত্র ময়লা হলে নিজে পরিষ্কার করতে হবে) (ঙ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোথাও অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (চ) সর্বোচ্চ ১০-১২ জনের জন্য ১টি গোসলখানা/টয়লেট, (ছ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা (হজ্জের সময় পানির চাহিদা বৃদ্ধি পাওয়ায় কখনও কখনও সরবরাহ বিঘ্নিত হতে পারে), (জ) বাড়ীর প্রতি ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ, (ঝ) মীনায় তাঁবুতে প্রতি হাজীর জন্য ১ বর্গ মিটার জায়গা, (ঞ) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফাত-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা প্রদান, (ট) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ঠ) আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব থাকার ব্যবস্থা, কাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বই পুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো ও (ড) প্রতি ৪৫ জন হাজীর জন্য ১ জন হজ্জকর্মে অভিজ্ঞ গাইড নিয়োগ। উল্লেখ্য, কুরবানী এবং খাওয়া খরচ বাবদ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ঢাকাস্থ হজ্জ ক্যাম্পে সৌদি রিয়ালে পরিশোধ করা হবে; কুরবানীর টাকা মক্কায় ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে। এছাড়া বাড়ী ভাড়া বাবদ প্রাপ্ত টাকার কমে সৌদি আরবে বাড়ী ভাড়া করা হলে বাড়তি টাকাও সৌদি আরবেই ফেরত দেয়া হবে।

(৩) ক. সরকারি ব্যবস্থাপনায় টাকা জমা দেয়ার সর্বশেষ তারিখ ২ জুলাই ২০০৯। উক্ত তারিখের পরে কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং হজ্জ অফিসার, ঢাকা-এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আন্তর্জাতিক পাসপোর্টসহ স্ব-স্ব জেলা প্রশাসকের অফিসে ৫ জুলাই ২০০৯ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

খ. সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীর সংখ্যা নিরূপনের লক্ষ্যে আগ্রহী হজ্জযাত্রীগণকে আগামী ৩১ মে ২০০৯ তারিখের মধ্যে আংশিক বাড়ী ভাড়া বাবদ ২০,৫৫০/- (বিশ হাজার পাঁচশত পঞ্চাশ মাত্র) টাকা জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া হলো। বাকী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আগামী ২ জুলাই ২০০৯ তারিখের মধ্যে প্রদান করতে হবে।

গ. অনিবার্য কারণবশতঃ কোন হজ্জযাত্রী অগ্রিম টাকা দিতে না পারেন তবে সেক্ষেত্রে ২ জুলাই ২০০৯ তারিখের মধ্যে এককালীন সমুদয় টাকা পরিশোধ করতে পারবে; সেক্ষেত্রে মক্কা ও মদিনায় বাসস্থানের দূরত্ব ২(গ) অনুযায়ী নাও হতে পারে।

(৪) হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ নিম্নে বর্ণিত তফসিলি ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে ঃ

| | |
|---|---|
| (ক) সোনালী ব্যাংক লিঃ | (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| (খ) অগ্রণী ব্যাংক লিঃ | (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক |
| (গ) জনতা ব্যাংক লিঃ | (জ) আল আরাফাহ ইসলামী ব্যাংক |
| (ঘ) রূপালী ব্যাংক লিঃ | (ঝ) দি সিটি ব্যাংক লিঃ |
| (ঙ) পুবালী ব্যাংক লিঃ | (ঞ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। |

(৫) জেলা প্রশাসকগণ প্রাপ্ত ফরমসমূহ যাচাই-বাছাইপূর্বক সমন্বিত করে বিশেষ বাহক মারফত ৭ জুলাই ২০০৯ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকায় প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন।

(৬) হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে ;

(৭) হজ্জযাত্রীদেরকে নিজ নিজ ব্যবস্থাপনায় আন্তর্জাতিক পাসপোর্ট সংগ্রহ করতে হবে;

(৮) সরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর দিয়ে সৌদি আরব গমন করবেন;

(৯) সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, আন্তর্জাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজীতে লেখা বাধ্যতামূলক;

(১০) সৌদি আরবে মক্কায় অবস্থিত কনসাল (হজ্জ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ হজ্জ অফিসার, ঢাকা হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবে এবং সৌদি আরবে বাংলাদেশ হজ্জ মিশন মদিনার বাসা বরাদ্দ করবে।

## ৩। <u>বেসরকারি ব্যবস্থাপনা</u> ঃ

(১) হজ্জ এজেন্সির মাধ্যমে গমনেচ্ছু প্রতি হজ্জযাত্রীর ব্যয় ঃ (ক) বিমান ভাড়া (নীট)- ৯০,৩৫০/- টাকা (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স ৯২৫/- টাকা (গ) এম্বারকেশন ফি- ৩০০/- টাকা (ঘ) ইন্সুরেন্স সারচার্জ - ৬৯৫/- টাকা (ঙ) আপৎকালীন ফান্ড- ৫০/- টাকা ও (চ) জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাবু ভাড়া ও মোয়াল্লেম ফি ইত্যাদি- ২০,১৪৭/- টাকা নির্ধারণ করা হয়েছে;

(২) এ ছাড়া (ক) মিনা-আরাফাতের মোয়াল্লেম অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনার বাড়ী ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে মানি রিসিট প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে) (ঘ) মক্কা, মদিনা ও মিনায় খাওয়া খরচ, (ঙ) হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ প্রত্যেক এজেন্সি নিজ নিজ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে;

(৩) বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর ছাড়াও চট্টগ্রাম ও সিলেট বিমান বন্দর দিয়ে সৌদি আরব যেতে পারবেন। তবে তাঁদেরকে বিমান ভাড়া বাবদ অতিরিক্ত ১০০ মার্কিন ডলারের সমপরিমাণ ৬,৯৫০/- টাকা প্রদান করতে হবে;

(৪) হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সিকে আগামী ৯ এপ্রিল ২০০৯ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে । সরকার ও হজ্জ এজেন্সির মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সি হজ্জ প্যাকেজ ঘোষণা করতে পারবে না;

(৫) হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পক্ষীয় চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সি হজ্জ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ করা হবে না;

(৬) প্রত্যেক হজ্জ এজেন্সিকে হজ্জযাত্রীর সাথে নির্ধারিত ফরমে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তির মূল কপি হাজীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সির নিকট সংরক্ষিত থাকবে;

(৭) প্রত্যেক হজ্জ এজেন্সিকে হজ্জযাত্রীদের পূর্ণ নাম-ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত ব্যাংকে মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদি আগামী ২ জুলাই ২০০৯ তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে। এসব তথ্য ব্যতীত কোন ব্যাংক হজ্জ এজেন্সির নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে না। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।

(৮) হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ সোনালী ব্যাংকের নিম্নলিখিত শাখাগুলোতে জমা দেয়া যাবে ঃ

(ক) সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

(খ) সোনালী ব্যাংক লিঃ, ফকিরাপুল শাখা, ঢাকা।

(গ) সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা, ঢাকা।
(ঘ) সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
(ঙ) সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, সিলেট।

(৯) প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জযাত্রীদের সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত ৫ জুলাই ২০০৯ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা-তে প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবে;

(১০) আবেদন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে;

(১১) সরকারী ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রী প্রতি প্যাকেজে বর্ণিত সুবিধা সম্বলিত সর্বনিম্ন প্যাকেজ মূল্য ২,২০,৫৫০/- (দুই লক্ষ বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার নিম্নে কোন এজেন্সি প্যাকেজ ঘোষণা করতে পারবে না। তবে মক্কায় হারাম শরীফের নিকটবর্তী হোটেল/এপার্টমেন্ট ইত্যাদি আবাসনের সাথে অন্যান্য সুবিধাদি চুক্তিতে বিস্তারিত বর্ণনা করে সর্বোচ্চ ২ টি প্যাকেজ ঘোষণা করা যাবে। দুই প্যাকেজের হজ্জযাত্রীদের মক্কা ও মদিনায় এক হোটেল/এপার্টমেন্ট ইত্যাদিতে একত্রে রাখা যাবে না । দুই প্যাকেজের সকল সুবিধা প্যাকেজ ওয়ারী আলাদাভাবে বর্ণনা করতে হবে যাতে হজ্জযাত্রীগণ প্যাকেজের সুবিধা অনুধাবনপূর্বক নিজেদের ইচ্ছামত প্যাকেজ পছন্দ করতে পারে এবং সে অনুযায়ী চুক্তি সম্পাদন করতে পারে।

(১২) হজ্জযাত্রীদের জন্য আগামী ২০ আগস্ট ২০০৯ তারিখের মধ্যে মক্কাতে ও আগামী ২০ সেপ্টেম্বর ২০০৯ তারিখের মধ্যে মদিনাতে বাড়ী ভাড়া সম্পন্ন করতে হবে;

(১৩) হজ্জ এজেন্সিসমূহের প্রতিনিধি, হজ্জ অফিসার, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিমিটেড ত্রি-পক্ষীয় আলোচনার মাধ্যমে আগামী ৫ অক্টোবর ২০০৯ তারিখের মধ্যে হজ্জ ফ্লাইট সিডিউল চূড়ান্ত করবে; (মদিনাতে বাড়ী ভাড়ার বিষয়টি ফ্লাইট সিডিউলের উপর নির্ভরশীল বিধায় এ তারিখটি পরিবর্তিত হতে পারে);

(১৪) প্রত্যেক হজ্জ এজেন্সি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া নির্ধারিত তারিখের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যাংক একাউন্টে জমা দিবে ;

(১৫) হজ্জযাত্রীগণ আন্তর্জাতিক পাসপোর্ট সংগ্রহ করে অনুমোদিত হজ্জ এজেন্সির সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন ;

(১৬) বে-সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নাম, পাসপোর্ট নম্বর, হজ্জ এজেন্সির নাম এবং সৌদি আরবে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরাজীতে লেখা বাধ্যতামূলক ;

(১৭) হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সি কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা দিবেন। তবে এজেন্সিসমূহ শুধুমাত্র এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে হজ্জযাত্রীদের নিকট থেকে সরাসরি নগদ টাকা গ্রহণ করতে পারবে। কোন দালাল বা তথাকথিত কাফেলা লিডারের মাধ্যমে হজ্জযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না

(১৮) প্রত্যেক এজেন্সি হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীদের নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড নম্বর ইত্যাদি তথ্য; হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল; হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; সরকার ও এজেন্সির মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম-ঠিকানা-মোবাইল ফোন নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজ্জকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশে তাদের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফট কপি হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

(১৯) হাজীযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে লিখে রাখতে হবে।

(২০) প্রত্যেক হজ্জ এজেন্সি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য একজন অভিজ্ঞ হজ্জ গাইড/কর্মী নিয়োগ করবেন।

## ৪। সরকারী ও বেসরকারী উভয় ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ঃ

(১) মাহরাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী এককভাবে হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না ;

(২) মহিলা হজ্জযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে টাকা জমা দিতে হবে ;

(৩) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড হজ্জযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে ;

(৪) সংশোধিত জাতীয় হজ্জনীতির ২০ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র আবেদনকারীর মৃত্যুজনিত কারণে জমাকৃত অর্থের আংশিক ফেরৎ দেয়া হবে;

(৫) বিমান ভাড়া বৃদ্ধি পেলে সেক্ষেত্রে বর্ধিত ভাড়া হজ্জযাত্রীকে পরিশোধ করতে হবে ;

(৬) হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৩৫০ মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন ;

(৭) প্রত্যেক হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ ও পুলিশ ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক ;

(৮) হজ্জযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল সর্বোচ্চ ৪০ দিন হবে;

(৯) সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হজ্জের উদ্দেশ্যে যাত্রার ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন। হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা এবং অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজ্জযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে;

(১০) বিমান কর্তৃপক্ষের ব্যবস্থা অনুযায়ী বিমানে কোন হজ্জযাত্রী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কেজির বেশী মালামাল বহন করতে পারবেন না। কোন খাদ্য দ্রব্য যেমন ঃ চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না;

(১১) কুরবানী/দম এর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম;

(১২) প্রত্যেক হজ্জযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডিকার্ড এবং কব্জিবেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক;

(১৩) অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা (ফোন- ৮৯১৬৫৭৪, ৮৯১৬৫৭০) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে (ফোন-৭১৬৪৮০৭, ৭১৬৪৮১৯, ৭১৬৩৬৭৮) যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক জেলায় অবস্থিত উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে;

(১৪) হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে।

স্বাক্ষর/
( খাজা আব্দুল হান্নান )
সিনিয়র সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৭১৬৩৬৭৮

বিতরণ ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৫. সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ.............................................
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।
৮. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার (সকল)............................................
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে বহুল প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
১১. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল) ঃ (ক) সোনালী ব্যাংক লিঃ, (খ) অগ্রণী ব্যাংক লিঃ (গ) জনতা ব্যাংক লিঃ (ঘ) রূপালী ব্যাংক লিঃ (ঙ) পূবালী ব্যাংক লিঃ (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক (জ) আল-আরাফাহ ইসলামী ব্যাংক (ঝ) দি সিটি ব্যাংক লিঃ (ঞ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৪. জেলা প্রশাসক (সকল)...........................................।
১৫. কাউন্সিলর (হজ্জ), হজ্জ উইং, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. পুলিশ সুপার (সকল)...........................................।
১৭. সিভিল সার্জন (সকল)...........................................।
১৮. হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
১৯. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২০. উপজেলা নির্বাহী অফিসার (সকল) .......................................।
২১. সহকারী হজ্জ অফিসার, মক্কা হজ্জ মিশন, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (সকল জেলা)।
২৪. গনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)
২৫. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সিস এসাসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার (১৬ তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
২৬. হজ্জ এজেন্সী ...........................................................................................................
...........................................................................................................।

(তদন্তাধীন এজেন্সীর লাইসেন্স বাতিল হলে উক্ত এজেন্সী হজ্জযাত্রী প্রেরণ করতে পারবে না)